

💵 ছালাতুর রাসূল (ছাঃ)

বিভাগ/অধ্যায়ঃ ছালাতের বিবিধ জ্ঞাতব্য (مسائل متفرقة في الصلاة) রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

৬. মহিলাদের ছালাত ও ইমামত (ত্রুবার্ট্রান্

- (ক) পুরুষ ও মহিলাদের ছালাতের মধ্যে পদ্ধতিগত কোন পার্থক্য নেই। ছালাতে নারীরা পুরুষের অনুগামী।[22] রাসূলুল্লাহ (ছাঃ) নারী-পুরুষ সকলের উদ্দেশ্যে বলেন, 'তোমরা সেভাবে ছালাত আদায় কর, যেভাবে আমাকে ছালাত আদায় করতে দেখছ'।[23] মসজিদে নববীতে নারী-পুরুষ সকলে তাঁর পিছনে একই নিয়মে পাঁচ ওয়াক্ত ছালাত ও জুম'আ আদায় করেছেন।[24]
- (খ) তবে মসজিদে পুরুষের জামা'আতের সাথে পাঁচ ওয়াক্ত ছালাত ও জুম'আ আদায় করা তাদের জন্য ফরয নয়। [25] অবশ্য মসজিদে যেতে তাদেরকে বাধা দেওয়াও যাবে না। এ সময় তারা সুগন্ধি মেখে (বা সৌন্দর্য প্রদর্শন করে) মসজিদে জামা'আতে যেতে পারবে না।[26] মহিলাদের জন্য বাড়ীতে গৃহকোণে নিভৃতে একাকী বা জামা'আতের সাথে ছালাত আদায় করা উত্তম।[27]
- (গ) মহিলাগণ (নিম্নস্বরে) আযান ও ইকামত দিবেন এবং মহিলা জামা'আতের প্রথম কাতারের মধ্যস্থলে সমান্তরালভাবে দাঁড়িয়ে ইমামতি করবেন।[28] ফরয ও তারাবীহর জামা'আতে তাদের ইমামতি করার স্পষ্ট দলীল রয়েছে।[29] মা আয়েশা (রাঃ) ও উম্মে সালামাহ (রাঃ) প্রমুখ মহিলাদের জামা'আতে ইমামতি করতেন। [30] বদর যুদ্ধের সময় উম্মে ওয়ারাকাহ (রাঃ)-কে তার পরিবারের ইমামতি করার জন্য রাসূলুল্লাহ (ছাঃ) নির্দেশ দিয়েছিলেন এবং তার জন্য একজন বৃদ্ধ মুওয়াযযিন নির্ধারণ করে দিয়েছিলেন।[31] অন্য বর্ণনায় খাছভাবে এসেছে যে, রাসূল (ছাঃ) তাকে তার পরিবারের মহিলাদের ইমামতির অনুমতি দিয়েছিলেন'।[32]
- (ঘ) মহিলারা পুরুষদের ইমামতি করতে পারবে না।[33] কেননা আল্লাহ বলেন, 'পুরুষেরা নারীদের উপর কর্তৃত্বশীল' (নিসা ৪/৩৪)। তাছাড়া এ ব্যাপারে রাসূল (ছাঃ)-এর কোন নির্দেশ নেই এবং তাঁর ও ছাহাবায়ে কেরামের যুগে এর কোন ন্যীর বা প্রচলন নেই। আর এটাই স্বতঃসিদ্ধ যে, রাসূলুল্লাহ (ছাঃ) ও খোলাফায়ে রাশেদ্বীনের সময় যা দ্বীন ছিল না, পরে তা দ্বীন হিসাবে গৃহীত হবে না।[34]

ফুটনোট

- [22] . মির'আত ৩/৫৯; নায়ল ৩/১৯; ফিরুহুস সুন্নাহ ১/১০৯।
- [23] . বুখারী, মিশকাত হা/৬৮৩ 'দেরীতে আযান' অনুচ্ছেদ-৬।



- [24] . বুখারী, মিশকাত হা/৯৪৮ 'তাশাহহুদে দো'আ' অনুচ্ছেদ-১৭; মুসলিম, মিশকাত হা/১৪০৯ 'খুৎবা ও ছালাত' অনুচ্ছেদ-৪৫।
- [25] . আবুদাউদ হা/৫৬৭, ৫৭০; আহমাদ হা/২৭১৩৫; ফিরুহুস সুন্নাহ ১/১৭১।
- [26] . আবুদাঊদ হা/৫৬৫; মুসলিম, মিশকাত হা/১০৫৯-৬১ 'জামা'আতে ছালাত ও তার ফ্যীলত' অনুচ্ছেদ-২৩; ফিরুহুস সুন্নাহ ১/১৭১।
- [27] . আবুদাউদ হা/৫৬৭, ৫৭০; মিশকাত হা/১০৬২-৬৩।
- [28] . ভূপালী, আর-রওযাতুন নাদিইয়াহ (ছান'আ, ইয়ামন : ১৪১১/১৯৯১) ১/৩২২ পৃঃ।
- [29] . আবুদাউদ হা/৫৯১, দারাকুৎনী প্রভৃতি ইরওয়া হা/৪৯৩; নায়ল ৪/৬৩।
- [30] . বায়হাকী, ১/৪০৮; ফিকহুস সুন্নাহ ১/৯১, ১৭৭।
- [31] . আবুদাঊদ হা/৫৯১-৯২; ছহীহ ইবনু খুযায়মা, আর-রওযাতুন নাদিইয়াহ ১/৩২২; নায়ল ৪/৬৩ ; ইরওয়া হা/৪৯৩।
- [32] . দারাকুৎনী হা/১০৭১, সনদ যঈফ।
- [33] . আর-রওযাতুন নাদিইয়াহ ১/৩১২।
- [34] . আহমাদ, নাসাঈ, দারেমী, মিশকাত হা/১৬৫ 'ঈমান' অধ্যায়-১, 'কিতাব ও সুন্নাহকে আঁকড়ে ধরা' অনুচ্ছেদ-৫।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9224

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন